# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ২০ ফেব্রুয়ারি'২০২৪খ্রি.

## প্রশান্তি আবাসিকে রাস্তার উদ্বোধন করলেন মেয়র

নগরীর উত্তর কাট্টলী ওয়ার্ডস্থ প্রশান্তি আবাসিক এলাকার অভ্যন্তরীণ সড়কগুলোর উন্নয়ন কাজের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার উদ্বোধন অনুষ্ঠানে মেয়র বলেন, নগরীর আধুনিকায়নে যে কাজ চলছে তা বাস্তবায়নে জনগণের সহযোগিতা প্রয়োজন। আমি রাস্তা করে দিব, ফুটপাত করে দিব আর সে রাস্তা, ফুটপাত দখল করে হকাররা মানুষকে চলতে দিবেনা তা হতে পারেনা। অনেকে বলছে, নিউ মার্কেটে আবার হকাররা দখল নিবে। আমি বলব, আমি থাকতে হকার বসতে দিবনা।

"কাজের গুনগুত মান আপনারা তদারকি করবেন, কোথাও কোন কাজের গাফলতি ও নিম্ন মানের হলে আমাকে অবহিত করবেন। এ শহর মেয়রের একার শহর নয়, আপনাদেরও শহর। আসুন আমরা সকলে মিলে পরিস্কার পরিছন্ন স্মার্ট নগরী গড়ে তুলি।"

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, সংরক্ষিত নারী কাউন্সিলর তছলিমা নুর জাহান রুবি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জসিম উদ্দিন, উপ-সহকারী প্রকৌশলী তাবাসসুম, আলতাফ হোসেন, ইকবাল চৌধুরী, লোকমান আলী, শফিউল আলম চৌধুরী, আবুল কালাম আবু, আবু সুফিয়ান, মনির হাজি, মোঃ ফারুক, দিদার প্রমুখ।

## ভাষার মাসে শহিদ মিনার পেল গাহর্স্থ্য অর্থনীতি কলেজ

চসিকের গাহর্স্থ্য অর্থনীতি কলেজের নবনির্মিত শহিদ মিনারের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। মঙ্গলবার উদ্বোধনকালে উপস্থিত ছিলেন চসিকের শিক্ষা স্থায়ী কমিটির সভাপতি ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর মোহাম্মদ ইলিয়াস, হুরে আরা বিউটি গাহর্স্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ আলম আখতার, রেজিয়া বেগম ছবি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জসিম উদ্দিন, কলেজের সাবেক সভাপতি জালাল আহম্মদ, কলেজের আজীবন দাতা সদস্য আজগর হাসান চৌধুরী।

## অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য প্রস্তুত করায় ৩ বেকারী ১ বিরানী হাউজকে ৫৫ হাজার টাকা জরিমানা করে চসিক ভ্রাম্যমান আদালত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা মাদারবাড়ি ও কদমতলী এলাকায় আজ মোবাইল কোর্ট পরিচালনা করেন। সে সময় অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে খাদ্যদ্রব প্রস্তুত ও বিক্রি করার অপরাধে মাদারবাড়ীর থ্রী স্টার বেকারীকে ২০ হাজার, আলাউদ্দিন বেকারীকে ১০ হাজার, কদমতলী মোড়ের অলিম্পিয়া ফুডসকে ২০ হাজার এবং ফুটপাত দখল করে অবৈধভাবে ব্যবসা পরিচালনা করার অপরাধে হাজী বিরানী হাউজকে ৫ হাজার টাকা সহ সর্বমোট ৫৫ হাজার টাকা জরিমানা আদায় করে। অভিযান সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেট সহায়তা প্রদান করেন।

## চসিকের ২ কর্মকর্তার বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব খালেদ মাহমুদ এবং প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহারের বিদায় অনুষ্ঠান মঙ্গলবার টাইগারপাসস্থ চসিক কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে বিভাগ এবং শাখা প্রধানবৃন্দসহ কর্মকর্তা-কর্মচারীরা সভায় স্মৃতিচারণ করেন।

## অমর একুশে বই মেলা অনুষ্ঠানে প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী
## বাংলাদেশের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সমৃদ্ধিতে চট্টগ্রামের অবদান অনস্বীকার্য

চট্টগ্রামের আঞ্চলিক ভাষা বাংলা সাহিত্যকে সমৃদ্ধশালী করেছে বলে মন্তব্য করেছেন একুশে বই মেলার আলোচনা সভার প্রধান অতিথি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী।
তিনি বলেন, আঁরা চাটগাঁইয়া এ শব্দ দু'টির মধ্যে আবেগ জড়িয়ে আছে। তিন হাজার বছরের প্রাচীন কৃষ্টি, বৈচিত্র্য ও সাংস্কৃতিক সম্পদে চট্টগ্রাম অতুলনীয়। বৃটিশ বিরোধী স্বাধীনতা সংগ্রাম, ভাষা ও সাংস্কৃতিক সংগ্রামে, জাতীয় মুক্তি আন্দোলনে এবং মহান মুক্তিযুদ্ধে চট্টগ্রামের মানুষের বীরত্বপূর্ণ ভূমিকা আজ ইতিহাসের এক অবিস্মরণীয় অধ্যায়। প্রাচীনকাল থেকে বাংলাদেশের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সমৃদ্ধিতে চট্টগ্রামের অবদান অনস্বীকার্য। চট্টগ্রামের আঞ্চলিক গানের রয়েছে সমৃদ্ধ ইতিহাস। শেফালী ঘোষ ও শ্যামসুন্দর বৈষ্ণবকে বলা হয় চট্টগ্রামের আঞ্চলিক গানের সম্রাট ও সম্রাজ্ঞী। মাইজভান্ডরী গান ও কবিয়াল গান চট্টগ্রামের অন্যতম ঐতিহ্য। মাইজভান্ডারী গানে আমরা অসাম্প্রদায়িক চেতনা ও সম্প্রীতির বন্ধন দেখতে পাই।
তিনি বলেন, চাটগাঁইয়া ভাষা বিশ্বের ৮৮তম ভাষা। কোন কারণে যাতে আঞ্চলিক ভাষা হারিয়ে না যায় সেজন্য তিনি সকলকে আঞ্চলিক ভাষা চর্চা করার আহ্বান জানান।
মুখ্য আলোচক চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরিক্ষা নিয়ন্ত্রক এ এম এম মুজিবুর রহমান বলেন,একটি ভাষাকে অন্ধকার থেকে বাঁচাতে হলে আঞ্চলিক ভাষাকে সংরক্ষণ করতে হবে ।
সভাপতির বক্তব্যে কবি কামরুল হাসান বাদল বলেন, ভাষা ততোই বৈচিত্র্যময় হবে আঞ্চলিক ভাষার চর্চা ও সংরক্ষণের মাধ্যমে। তিনি বলেন, চট্টগ্রামের কবি মাহবুবুল আলমের কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি কবিতা সারা জাতিকে জাগ্রত করেছিল।
আজ মঙ্গলবার বিকালে চট্টগ্রাম সিটি করপোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ ও নাগরিক সমাজের সহযোগিতায় অমর একুশে বই মেলা মঞ্চে চাটগাঁ উৎসবে কামরুল হাসান বাদল এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন বই মেলা কমিটির আহবায়ক কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু। মূখ্য আলোচক চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরিক্ষা নিয়ন্ত্রক এ এম এম মুজিবুর রহমান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাংবাদিক আলমগীর অপু,কথা সাহিত্যিক ড.আজাদ বুলবুল।
আলোচনা সভা কংকন দাশের উপস্থাপনায় চাটগাঁইয়া গান পরিবেশন করেন সন্‌জীব আচার্য,গীতা আচার্য, বিপাশা ধর বীনা,সুপ্রিয়া লাকি,সরাঙ্গনা বিদ্যাপিঠ ও ওরিয়্যান্টাল ডান্স একাডেমি।

## আন্তর্জাতিক মাতৃভাষা ও শহিদ দিবস উপলক্ষে
## আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান শিরীষ তালায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহিদ দিবস উপলক্ষে আগামীকাল বুধবার বিকাল ৪টায় সিআরবি শিরীষ তালায় আলোচনা সভা ও কুইজ, চিত্রাংকন, সাংস্কৃতিক প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরনের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। প্রধান আলোচক হিসেবে উপস্থিত থাকবেন ভাষা বিজ্ঞানী প্রফেসর ড. সৌরভ সিকদার, আলোচক প্রফেসর রেজাউল করিম। সভাপতিত্ব করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম। এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

## একুশে পদক বিতরণ শুক্রবার শিরীষ তলায়

অমর একুশ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক নগরীর বিশিষ্ট ব্যক্তিদের আগামী ২৩ ফেব্রুয়ারি'২০২৪খ্রি. শুক্রবার বেলা সাড়ে ৩টায় সিআরবি শিরীষ তালায় একুশে পদক বিতরণ করা হবে। অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রী ড. হাসান মাহমুদ এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই পদক বিতরণ করবেন। সভাপতিত্ব করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী এবং স্বাগত বক্তব্য রাখবেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম।
একুশে পদক প্রাপ্তরা হলেন-শিল্প উন্নয়ন ও সমাজসেবায় নাছির উদ্দিন(মরণোত্তর), সংস্কৃতিতে শ্রেয়সী রায়, মুক্তিযুদ্ধ স্বাধীনতা আন্দোলনে শহীদ সাইফুদ্দিন খালেদ চৌধুরী(মরণোত্তর), ভাষা আন্দোলনে আসহাব উদ্দিন আহমদ, শিক্ষায় প্রফেসর প্রদীপ ভট্টাচার্য,

সংবাদ পত্র শিল্পের বিকাশ ও মানোন্নয়নে রুশো মাহমুদ, চিকিৎসায় প্রফেসর ডা. মুহাম্মদ গোফরানুল হক, সাংবাদিকতায় জসীম চৌধুরী সবুজ, ক্রীড়ায় জাকির হোসেন লুলু, স্বল্পদৈর্ঘ্য চলচিত্র নির্মান ও গবেষনা শৈবাল চৌধুরী, নাটকে শিশির দত্ত, লোকসাহিত্য ও গবেষণা শামসুল আরেফীন, প্রবন্ধে শামসুদ্দিন শিশির, কবিতায় আবসার হাবীব, ভাগ্যধন বড়ুয়া, শিশু সাহিত্যে ছড়াকার অরুণ শীল ও ছড়াকার শিবুকান্তি দাশ।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮